

ছাত্রদলের কেন্দ্রীয় কমিটিকে অভিনন্দন জানিয়ে বিভিন্ন স্থানে আনন্দ মিছিল

যুগান্তর ডেস্ক

সাহাবুদ্দীন লান্টুকে সভাপতি ও আজিজুল বারী হেলাদকে সাধারণ সম্পাদক করে গঠিত বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের নতুন কেন্দ্রীয় কমিটিকে অভিনন্দন জানিয়ে বিভিন্ন স্থানে আনন্দ মিছিল হয়। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো ববর :

ভোলা : ভোলা জেলা ছাত্রদল বৃহস্পতিবার বিকালে একটি আনন্দ মিছিল ও সভার আয়োজন করে। বিকাল ৪টায় জেলা ছাত্রদল কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। আঃ কাদের সেলিমের সভাপতিত্বে সভায় অন্যান্যের সংস্থা বক্তৃতা করেন জেলা ছাত্রদলের সেক্রেটারি চামিল হোসেন জুদ, মোস্তাফিজুর রহমান লিটন, মনির হোসেন, মমিনুল ইসলাম প্রমুখ। পরে একটি বিশাল মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা ছাত্রদল অফিসে এসে শেষ হয়।

রাজশাহী ব্যুরো : ছাত্রদল কেন্দ্রীয় কমিটির নেতৃত্বদানে অভিনন্দন জানিয়ে বুধবার গভীর রাতে এবং বৃহস্পতিবার বেলা ১১টার দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদলের নেতাকর্মীরা আনন্দ মিছিল করেছেন। সাহাবুদ্দীন লান্টুকে সভাপতি ও আজিজুল বারী হেলাদকে সাধারণ সম্পাদক করে কমিটি গঠনের ববর রাজশাহী পৌরসভার সঙ্গে সঙ্গে হাড় কাপানো পীত উপেক্ষা করে ছাত্রদল নেতা মতিয়ার রহমানের নেতৃত্বে আনোয়ার হোসেন উদ্দল সমন্বিত শত শত নেতাকর্মী বুধবার রাত ১২টার দিকে ক্যাম্পাসে আনন্দ মিছিল বের করে মিছিল শেষে মিষ্টি বিতরণ করেন।

শরীয়তপুর : শরীয়তপুরে জেলা ছাত্রদল অভিনন্দন জানিয়ে আনন্দ মিছিল ও আলোচনা সভার আয়োজন করে। জেলা বিএনপি কার্যালয় থেকে এক বিশাল আনন্দ মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বিএনপি কার্যালয়ে এসে শেষ হয়। ছাত্রদলের সভাপতি মোঃ রুতল আমীন মুন্সীর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তৃতা করেন জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আক্তার হোসেন, খানা ছাত্রদল সভাপতি চামিল উদ্দিন প্রমুখ।

জামালপুর : জেলা ছাত্রদল বৃহস্পতিবার শহরে আনন্দ মিছিল করেছেন। জেলা ছাত্রদলের সভাপতি সরোয়ার জাহান বাবু ও সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম মিছিলের নেতৃত্ব দেন। মিছিল শেষে জেলা ছাত্রদল কার্যালয়ে এক সমাবেশে সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়াও বক্তৃতা রাখেন মাহবুবুর রহমান জিলানি, রফিকুল ইসলাম প্রমুখ। এছাড়া নবঘোষিত কমিটিকে অভিনন্দন জানিয়েছেন জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইসমাইল হোসেন সেলিম ও সাধারণ সম্পাদক আনিসুর রহমান বিপ্রব।

সিলেট ব্যুরো : জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের নবগঠিত কমিটিকে অভিনন্দন জানিয়ে ছাত্রদল সিলেট জেলা ও মহানগর শাখার যৌথ উদ্যোগে গতকাল বৃহস্পতিবার বিকালে শহীদ মিনার থেকে একটি আনন্দ মিছিল বের করা হয়। মিছিলটি শহীদ মিনার থেকে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ঐতিহাসিক কোর্ট পয়েন্টে এসে এক সমাবেশের মাধ্যমে শেষ হয়। জেলা ছাত্রদলের সভাপতি এমরান আহমদ চৌধুরী সভাপতিত্বে সমাবেশে বক্তৃতা রাখেন মহানগর ছাত্রদলের সভাপতি জিয়াউল গনি, আরেফিন জিসুর, ওমর আশরাফ ইমর, মাহবুব কাদির শাহী, হিসাম আহমদ চৌধুরী, মিজা বেলায়েত হোসেন লিটন, মহানগর ছাত্রদলের সাধারণ সম্পাদক নুরুল আলম সিদ্দিকী বাগেদ, সিদ্দিকুর রহমান পাগলু, হাসান আহমদ পাটওয়ারী রিশন, আলতাকুর রহমান, নেওয়াজ বক্ত ডারেক, সালাহ উদ্দিন আহমদ মানুন, মাহবুবুল হক চৌধুরী, নিছাম উদ্দিন, সাইদ আহমদ, আ ফ ম কামাল, আবু তাহের, আবদুল মজিদ, আহমদ চৌধুরী ফয়েজ, আসাদুজ্জামান বারলু, মাহমুদ আলম, মুকুল মোর্শেদ, কয়ছর বান, মোদাক্কির হোসেন কামরান, আবুল কাশাম, আজিজুর রহমান ও মানুন আহমদ মিলু।

শাবি ছাত্রদলের অভিনন্দন

ছাত্রদল শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রেজা শরীফ কামাল, সাধারণ সম্পাদক মানুন-অর-রশীদ শাহ, শাকসু ভিলি কামরুল আহমেদ কবিরী ও সাবেক সভাপতি এবিএম পাউমুজ্জামান শাহীন এক যুগ্ম বিবৃতিতে ছাত্রদল কেন্দ্রীয় সংসদের নবনির্বাচিত সভাপতি সাহাবুদ্দীন লান্টু, সিনিয়র সহ-সভাপতি সুলতান সালাহউদ্দীন চন্দ্র, সাধারণ সম্পাদক আজিজুল বারী হেলাদ, ধর্ম যুগ্ম সম্পাদক সেলিমুজ্জামান সেলিম সাংগঠনিক সম্পাদক শফিউল বারী বৃকে অভিনন্দন জানিয়েছেন।

যুগান্তর

3 JAN 20 3
পৃষ্ঠা ৩